রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ২৩, ২০২৫

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১৪ ডিসেম্বর ২০২৫ খ্রি.

নং **১১৭৬০** এ,—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের 'এডিটর' পদটি জাতীয় বেতনস্কেল/২০১৫ এর গ্রেড-১৩ হতে গ্রেড-১০ এ উন্নীতকরণের জন্য রীট পিটিশন নং-৬৮৯৬/২০১০ মামলায় গত ২০-১১-২০১৬ খ্রি. তারিখের রায়ে উল্লেখ আছে যে,

**"....The respondents are directed to upgrade the status of the petitioners to Class-II gazetted post and grant them the commensurable pay scale with effect from the date of their entitlement. The respondents are further directed to pay all arrear and other financial benefits to the petitioners according to their entitlement...."**

০২। পরবর্তীতে রাষ্ট্রপক্ষ কর্তৃক উক্ত রীট পিটিশন নং-৬৮৯৬/২০১০ মামলার রায় ও আদেশের বিরুদ্ধে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সিভিল আপীল নং- ৪৮২/২০১৯ দায়ের করা হয়।

০৩। উল্লেখ্য যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ সিভিল আপীল নং-৪৮২/২০১৯-এর সাথে সিভিল রিভিউ পিটিশন নং-১৯০/২০১৯ সংযুক্ত (tagged) করে গত ১১-০৫-২০২৩ খ্রিঃ তারিখে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চ কর্তৃক উভয় মামলায় শুনানি অন্তে নিম্নরূপ রায় প্রদান করা হয়:

**"In the result, the civil appeal and the civil review petition are hereby dismissed."**


মূল্য : টাকা ৪.০০

০৪। উক্ত রায়ের আলোকে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এর আইন ও বিচার বিভাগ কর্তৃক জারীকৃত স্মারক নং-১০.০০.০০০০.১২৬.০৪.০১৩.২৩.৬৫ তারিখ: ২৯ জুলাই ২০২৫ মূলে হাইকোর্ট বিভাগের এডিটর পদে কর্মরত উক্ত রীট পিটিশন মামলার শুধুমাত্র পিটিশনারদের জাঃ বেঃ স্কেল/২০১৫ অনুযায়ী বেতন গ্রেড-১৩ হতে গ্রেড-১০ এ উন্নীতকরণে সম্মতি প্রদান করেছে।

০৫। উল্লেখ্য যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪৫ জন প্রধান শিক্ষক কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন ৩২১৪/২০১৮ নং মামলায় রায় ও আদেশের আলোকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪৫ জন প্রধান শিক্ষকের ১০ম গ্রেড বাস্তবায়নের ধারাবাহিকতায় বৈষম্য দূরীকরণার্থে দেশের সকল প্রধান শিক্ষক অর্থাৎ ৬৫,৫০২টি পদকে ১০ম গ্রেডে উন্নীতকরণের নিমিত্ত অর্থ মন্ত্রণালয়ের, অর্থ বিভাগ, ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ কর্তৃক সম্মতি জ্ঞাপন করতঃ বিগত ২৮-০৭-২০২৫ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.০০০.১৫৩.২৮.০০০৫.১২.৪১২ নং স্মারকমূলে প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

০৬। এমতাবস্থায়, রীট পিটিশন নং-৬৮৯৬/২০১০ মামলায় গত ২০-১১-২০১৬ খ্রিঃ তারিখের রায় এবং ০৫ নং অনুচ্ছেদে বর্ণিত রীট পিটিশন নং-৩২১৪/২০১৮ মামলার রায় ও আদেশ এবং পূর্বোক্ত নজির এর আলোকে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের **"এডিটর"** পদটিকে জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ১১,০০০—২৬,৫৯০/-(গ্রেড-১৩) টাকা হতে ১৬,০০০—৩৮,৬৪০-(গ্রেড-১০) টাকার স্কেল-এ উন্নীতকরণসহ উক্ত পদে কর্মরত এডিটরগণকে SUCCESSOR IN OFFICE হিসেবে রায়ের তারিখ অথবা রায় পরবর্তী যোগদানের তারিখ (যা প্রযোজ্য) হতে জাতীয় বেতন স্কেল/২০১৫-এর ১৬,০০০—৩৮,৬৪০/-(গ্রেড-১০) অনুযায়ী প্রাপ্য বেতন ভাতাসহ অন্যান্য সকল বকেয়া সুবিধাদি প্রদান করা হলো।

০৭। বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতির অনুমোদনক্রমে অত্র বিজ্ঞপ্তি জারি করা হলো।

আদেশক্রমে

**মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন**
রেজিস্ট্রার।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd